গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।
সভাপতি : মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ২৫/০৯/২০১৯ খ্রিঃ, সময়ঃ- দুপুর-১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ''ক'')

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, বাংলাদেশ দুর্যোগপ্রবণ দেশ। ভৌগোলিক অবস্থান, প্রাকৃতিক পরিবেশ প্রভৃতি কারণে বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম প্রধান দুর্যোগ প্রবণ দেশ হিসেবে পরিচিত। প্রাকৃতিক দুর্যোগ সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়, তবে ব্যাপক পূর্ব প্রস্তুতি ও জনগোষ্ঠীর মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে ক্ষয়ক্ষতির মাত্রা বহুলাংশে কমানো সম্ভব। এগুলো বিবেচনা করেই UNDRR কর্তৃক নির্ধারিত Build to Last এর সাথে মিল রেখে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯ উদযাপনের নিমিত্ত প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে

''নিয়ম মেনে অবকাঠামো গড়ি
জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস করি''

সভাপতি জানান যে, যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের জন্য কেন্দ্রীয় অনুষ্ঠানসূচির সাথে মিল রেখে **''আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯''** উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে র‌্যালি, আলোচনা সভা, সমাবেশ, চিত্রাংকন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, জেলার সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া ইত্যাদি আয়োজনের মাধ্যমে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপন করার জন্য নির্দেশনা পাওয়া গিয়েছে। আগামী ১৩ অক্টোবর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯ উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে ''নিয়ম মেনে অবকাঠামো গড়ি, জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস করি" এই প্রতিপাদ্যের প্রতি দৃষ্টি রেখে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের জন্য নির্দেশনা পাওয়া গিয়েছে। উক্ত নির্দেশনার আলোকে সভাপতি উপস্থিত সদস্যগণকে মতামত প্রদানের অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ জানান, অন্যান্য বছরের অনুষ্ঠানসূচির সাথে মিল রেখে চলতি বছরের কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।

বিস্তারিত আলোচনা শেষে দিবসটি পালনের জন্য জেলা পর্যায়ে নিম্নরূপ কর্মসূচি গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| কর্মসূচি | সময় | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| র‌্যালি | সকাল ৯.৩০ টায় | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম হতে শুরু করে কলেজ মোড় গোল চত্বর হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে ফেরত | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম<br>৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>৪। অধ্যক্ষ, কুড়িগ্রাম কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, কুড়িগ্রাম।<br>৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৬। ইউনিট অফিসার, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, কুড়িগ্রাম।<br>৭। সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউট/রোভার স্কাউট, কুড়িগ্রাম।<br>৮। এনজিও সকল, কুড়িগ্রাম। |
| আলোচনা সভা | সকাল ১০.০০ টায় | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম। |
| ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া | বেলা ১১.০০ টায় | খলিলগঞ্জ স্কুল এন্ড কলেজ | ১। পুলিশ সুপার,কুড়িগ্রাম।<br>২। অধ্যক্ষ, খলিলগঞ্জ স্কুল এন্ড কলেজ, কুড়িগ্রাম।<br>৩। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুড়িগ্রাম।<br>৪। ইউনিট অফিসার, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, কুড়িগ্রাম।<br>৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউট/রোভার স্কাউট, কুড়িগ্রাম।<br>৬। এনজিও সকল, কুড়িগ্রাম। |

চলমান-০২

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০১১.১৯- ৫৭৪

তারিখঃ- ২৯/০৯/২০১৯ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।

৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।

৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.................................. কুড়িগ্রাম।

১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),...................................... কুড়িগ্রাম।

১১। সহকারী কমিশনার, আইসিটি,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ( তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)...........................কুড়িগ্রাম।

১৩। ..........................................................................................কুড়িগ্রাম।

১৪। অফিস নথি।

২৯.০৯.১৯

(মোঃ খাইরুল আনাম )
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (চ:দা:)
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম।
ফোন নং- ০৫৮১-৬১৬৩০
ই-মেইল drro.kurigram@gmail.com
drrokurigram@ddm.gov.bd